সিলেট ৫নং ওয়ার্ডে ড. এ.কে আব্দুল মোমেনের নৌকার সমর্থনে মহিলা সমাবেশ অনুষ্ঠিত

চেম্বার ডেস্ক: সিলেট-১ আসনে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত এমপি পদপ্রার্থী পররাষ্ট্রমন্ত্রী ড. এ.কে আব্দুল মোমেন এমপি’র সহধর্মীণী মিসেস সেলিনা মোমেন বলেছেন, স্বাধীনতা ও উন্নয়নের প্রতীক নৌকা। এই প্রতীকের বিজয় হলে দেশের উন্নয়ন কার্যক্রম গতিশীল থাকে। দেশ মাটি ও মানুষের স্বার্থে আগামী ৭ জানুয়ারি নৌকা মার্কায় ভোট দিয়ে ড. মোমেনকে বিজয়ী করুন। তিনি বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা দেশের উন্নয়নে যে জোয়ার সৃষ্টি করেছেন তা দেখে ঈর্ষাণিত হয়ে একটি মহল নির্বাচনকে বাধাগ্রস্ত করতে অপপ্রচার চালিয়ে যাচ্ছে। সেদিকে সচেতন হয়ে আওয়ামীলীগ ও অঙ্গসংগঠনের নেতা-কর্মীদেরকে কাজ করতে হবে। তিনি জনগণকে নৌকা মার্কায় ভোট প্রদানে উৎসাহিত করতে নেতাকর্মীদের প্রতি আহবান জানান।

মিসেস সেলিনা মোমেন গত ২ জানুয়ারি মঙ্গলবার রাতে নগরীর শাহী ঈদগায় সিলেট সিটি কর্পোরেশনের ৫নং ওয়ার্ড কাউন্সিলর রেজওয়ান আহমদের সার্বিক সহযোগিতায় আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সিলেট-১ আসনে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত এমপি পদপ্রার্থী ড. এ.কে আব্দুল মোমেন এর পক্ষে নৌকা মার্কার সমর্থনে আয়োজিত নির্বাচনী মহিলা সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত কথাগুলো বলেন।
সিলেট মহানগর মহিলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক নূরুন নেছা হেনা’র সভাপতিত্বে ও ৫নং ওয়ার্ড আওয়ামীলীগের দপ্তর সম্পাদক জাকারিয়া হোসেন জাকিরের পরিচালনায় সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সিলেট মহানগর মহিলা আওয়ামী লীগের সভাপতি শাহানারা বেগম, সাধারণ সম্পাদক আসমা কামরান, জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হেলেন আহমেদ। বক্তব্য রাখেন সিসিকের ৫নং ওয়ার্ড কাউন্সিলর রেজওয়ান আহমদ। স্বাগত বক্তব্য রাখেন সমাজসেবী রুনা বেগম।
আবুল হাছান চৌধুরী শাওন-এর পবিত্র কুরআন তেলাওয়াতের মাধ্যমে সূচিত মহিলা সমাবেশে উপস্থিত ছিলেন ৫নং ওয়ার্ড আওয়ামীলীগের সহ সভাপতি আব্দুস সালাম ফারুক, সাধারণ সম্পাদক হাজী কুতুব উদ্দিন

আহমদ, সহ সাধারণ সম্পাদক আমিনুর রহমান পাপ্পু, যুগ্ম সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, আওয়ামীলীগ নেতা ফজলুল হক, এনমুল হক, মুকুল চৌধুরী, বদরুল ইসলাম, রায়হান আহমদ প্রমুখ সহ ওয়ার্ডের মহিলা আওয়ামীলীগ নেতৃবৃন্দ।